

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৫১.০১.৫৯৪৪.০০০.৪১.০০৬.১৪-

৭৩৬

তারিখঃ ১৩/১০/২০২৪ খ্রি.

বিষয়ঃ ২০২৪-২৫ অর্থ বছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণে বিরত থাকা জেলাদের মানবিক সহায়তা কর্মসূচীর আওতায় ডিজিএফ (চাল) বিতরণের নিমিত্তে বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর স্মারক নং ০৫.৩০.৫৯০০.২০৪.১৪.০৫২.১৮.৫০১, তারিখঃ ০৩/১০/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানবিক কর্মসূচীর আওতায় চলতি ২০২৪-২৫ অর্থ বছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণে বিরত থাকা লৌহজং উপজেলার ৫২৩ টি জেলে পরিবারকে ২৫ কেজি হারে সর্বমোট ১৩.০৭৫ মেট্রিক টন ডিজিএফ (চাল) বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত মোট ১৩.০৭৫ মেট্রিক টন ডিজিএফ (চাল) ইউনিয়ন পরিষদের হালনাগাদ তালিকা অনুযায়ী প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে শুধুমাত্র ইলিশ মাছ আহরণে বিরত থাকা প্রকৃত নিবন্ধিত জেলাদের মাঝে বিতরণের লক্ষ্যে ইউনিয়ন ভিত্তিক নিম্নোক্ত ছক অনুযায়ী পুনঃবরাদ্দ প্রদান করা হলো।


ক্রঃ নং	ইউনিয়ন	পরিবারের সংখ্যা (টি)	চালের পরিমাণ (মে.টন)	চেয়ারম্যানদের নাম	তদারকি কর্মকর্তার নাম	বিতরণের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
১।	মেদিনীমন্ডল	৩৩ টি	৩৩X২৫=০.৮২৫ মে.টন	জনাব মোঃ আশরাফ হোসেন	জনাব মোঃ জুয়েল	১২/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিতরণ সম্পন্ন করতে হবে।
২।	কুমারভোগ	১০৫ টি	১০৫X২৫=২.৬২৫ "	জনাব লুৎফর রহমান তালুকদার	এইচ, এম, লুৎফর রহমান	
৩।	হলদিয়া	৪৫ টি	৪৫X২৫=১.১২৫ "	হাজী মোঃ মোজাম্মেল হক	জনাব সৈয়দ কামরুল ইসলাম	
৪।	কনকসার	১২৫ টি	১২৫X২৫=৩.১২৫ "	জনাব মোঃ বিদ্যুৎ আলম	জনাব মোঃ সোহেল হায়দার খান	
৫।	লৌহজং তেউটিয়া	৯৪ টি	৯৪X২৫=২.৩৫ "	জনাব হাজী মোঃ রফিকুল ইসলাম	জনাব উজ্জল মুন্সী	
৬।	বেজগাঁও	৩০ টি	৩০X২৫=০.৭৫ "	জনাব মোঃ ফারুক ইকবাল মুখা	জনাব মোঃ আবুল বাশার	
৭।	গাওদিয়া	৩১ টি	৩১X২৫=০.৭৭৫ "	জনাব মোঃ শহিদুল ইসলাম	জনাব মোঃ এমরান হোসেন	
৮।	কলমা	৬০ টি	৬০X২৫=১.৫ "	জনাব মোঃ আব্দুল মোতালেব শেখ	জনাব মোঃ মাসুদুল আলম	
	মোট	৫২৩ টি	৫২৩X২৫=১৩.০৭৫ মে.টন			

০১। পরিবার প্রতি ২৫ (পঁচিশ) কেজি হারে বিতরণ করতে হবে।

০২। বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় খাদ্যগুদাম হতে উত্তোলন করে ইউপি গুদামে গুদাম জাত করতঃ নিয়োজিত তদারকি কর্মকর্তার উপস্থিতিতে মাষ্টার রোলার মাধ্যমে বিতরণ করতে হবে। বিতরণ পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে মাষ্টার রোল জমা দেয়ার জন্য তাকে অনুরোধ করা হলো।

০৩। কোন অবস্থাতেই অনুমোদিত তালিকা/পরিবার ব্যতিত খাদ্যশস্য বিতরণ করা যাবে না।

০৪। ডিজিএফ কর্মসূচীর বাস্তবায়ন নির্দেশিকার বিধানমতে খাদ্যশস্য বন্টন/বিতরণ করতে হবে।



(মোঃ জাকির হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

লৌহজং, মুন্সীগঞ্জ।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

লৌহজং, মুন্সীগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

২। জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সীগঞ্জ।


৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, লৌহজং, মুন্সীগঞ্জ।

৫। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ। তাকে মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ অনুসরণপূর্বক নির্ধারিত তারিখে বরাদ্দকৃত ডিজিএফ (চাল) স্থানীয় খাদ্য গুদাম হতে উত্তোলনপূর্বক ট্যাগ অফিসারের উপস্থিতিতে হালনাগাদ তালিকা মোতাবেক বিতরণ, নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ ও মাষ্টাররোল নিয়ন্ত্রককারী কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। উপজেলা..... অফিসার ও ট্যাগ অফিসার..... ইউপি, লৌহজং, তাকে নির্ধারিত তারিখে উপস্থিত থেকে হালনাগাদ তালিকা অনুযায়ী পরিবার প্রতি

২৫ কেজি চাল প্রাপ্তি নিশ্চিত করতে হবে এবং মাষ্টাররোল সংগ্রহ করতে হবে।

৭। অফিস কপি।



(সমীর কুমার বসাক)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:)

লৌহজং, মুন্সীগঞ্জ।